**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯৯/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২০ নভেম্বর ২০১৭, ৬ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রতিবন্ধীদের সম্পদে পরিণত করতে এগিয়ে আসুন : রাষ্ট্রপতি

২। রোহিঙ্গা ইস্যুতে জাপান জার্মানি সুইডেন ইইউ পাশে থাকবে
প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে পররাষ্ট্রমন্ত্রীদের প্রতিশ্রুতি

৩। রোহিঙ্গাদের মানবিক কারণেই আশ্রয় দিয়েছে বাংলাদেশ : প্রধানমন্ত্রী
রোহিঙ্গাদের ওপর নৃশংসতা যুদ্ধাপরাধের শামিল : প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাতে মার্কিন সিনেটরবৃন্দ

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে বাংলাদেশের সঙ্গে সংহতি প্রকাশ করলেন প্রিন্সেস সোফি

৫। রোহিঙ্গা সমস্যা আন্তর্জাতিক ফোরামে তুলে ধরার আশ্বাস জাপান জার্মানি সুইডেন পররাষ্ট্রবিষয়কমন্ত্রীর

৬। ব্রাজিলে শুল্কমুক্ত বাজার সুবিধা চায় বাংলাদেশ : বৈঠককালে বাণিজ্যমন্ত্রী

৭। দুর্যোগে টিকে থাকে এমন ধান উৎপাদনে জোর দিন : কৃষিমন্ত্রী

৮। সীমান্ত পয়েন্টে ভারতের ভিসা হোল্ডারদের জটিলতা নিরসনের আহ্বান বিমানমন্ত্রীর

৯। অক্টোবর পর্যন্ত বিদেশ গেছেন ৮ লাখ কর্মী : সংসদে প্রবাসী কল্যাণমন্ত্রী

১০। টেকসই অবকাঠামো উন্নয়ন এবং নবায়নযোগ্য জ্বালানিতে এডিবির সঙ্গে ২১শ' কোটি টাকার ঋণচুক্তি

১১। ঈদে মিলাদুন্নবী (সা.) ২ ডিসেম্বর

চলমান পাতা-২

১। **প্রতিবন্ধীদের সম্পদে পরিণত করতে এগিয়ে আসুন : রাষ্ট্রপতি**

প্রতিবন্ধী ব্যক্তিদের সম্পদে পরিণত করার কাজে এগিয়ে আসতে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, নীতি নির্ধারক ও উন্নয়ন সহযোগীসহ সবার প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল (১৯ নভেম্বর রোববার) রাজধানীর বঙ্গবন্ধু নভোথিয়েটারে পাঁচ দিনব্যাপী এশিয়ান ফেডারেশন অন ইন্টেলেকচুয়াল ডিজঅ্যাবিলিটির (এএফআইডি) ২৩তম সম্মেলন উদ্বোধনকালে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, এ ব্যাপারে সামাজিক ও রাজনৈতিক অঙ্গীকার অত্যাবশ্যক। বিশেষ শিক্ষা, প্রশিক্ষণ এবং স্বাস্থ্যসুবিধা প্রদান করলে তারাও সক্ষম জনশক্তিতে পরিণত হতে পারে। সূত্র **প্রথম আলো** (পৃ.২,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

২। **রোহিঙ্গা ইস্যুতে জাপান জার্মানি সুইডেন ইইউ পাশে থাকবে**
**প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে পররাষ্ট্রমন্ত্রীদের প্রতিশ্রুতি**

রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশের পাশে থাকবে বলে জানিয়েছে জাপান, জার্মান, সুইডেন ও ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। গতকাল (১৯ নভেম্বর রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে এসব দেশের পররাষ্ট্রমন্ত্রীরা বাংলাদেশের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছেন। রোহিঙ্গা পরিস্থিতি পর্যবেক্ষণে গতকাল (১৯ নভেম্বর রোববার) জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারোকোনো, জার্মান পররাষ্ট্রমন্ত্রী সিগমার গ্যাব্রিয়েল, সুইডেনের পররাষ্ট্রমন্ত্রী মারগট ওয়ালস্টার, ইউরোপীয় কমিশনের ভাইস প্রেসিডেন্ট ফেদেরিকো মোগেরিনি গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে পৃথক বৈঠক করেন। গতকাল জাপানের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠককালে রোহিঙ্গাদের মিয়ানমারের নাগরিক হিসেবে পুনরায় উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মিয়ানমারকে তাদের নাগরিকদের ফিরিয়ে নিতে হবে। দেশত্যাগে রোহিঙ্গাদের স্রোতের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, কেবল মানবিক বিবেচনায় তাদের আশ্রয় দিয়েছে বাংলাদেশ। জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারোকোনো বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের প্রত্যাবাসনে তার দেশের সহযোগিতার প্রস্তাব দিয়েছেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, তার দেশ রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে একটি চুক্তি চায়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

৩। **রোহিঙ্গাদের মানবিক কারণেই আশ্রয় দিয়েছে বাংলাদেশ : প্রধানমন্ত্রী**
**রোহিঙ্গাদের ওপর নৃশংসতা যুদ্ধাপরাধের শামিল : প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাতে মার্কিন সিনেটরবৃন্দ**

সফররত যুক্তরাষ্ট্রের সিনেটরগণ বলেছেন, রোহিঙ্গাদের ওপর মিয়ানমার সেনাবাহিনীর নৃশংসতা যুদ্ধাপরাধের শামিল এবং মানবাধিকারের মৌলিক লঙ্ঘন। জেফ ম্যার্কলির নেতৃত্বে সিনেটরগণ গতকাল (১৯ নভেম্বর রোববার) প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে সাক্ষাৎকালে একথা বলেন। প্রধানমন্ত্রী রোহিঙ্গা সংকট সমাধানে কফি আনান কমিশনের রিপোর্টের ওপর গুরুত্বারোপ করেন। ১৯৭১ সালে পাকিস্তানি সেনাবাহিনীর হাতে নির্মম নিপীড়নের শিকার হয়ে জীবন বাঁচাতে বাংলাদেশের লাখ লাখ মানুষের ভারতে আশ্রয় নেওয়ার কথা স্মরণ করে তিনি বলেন, মানবিক কারণে মায়ানমার সেনাবাহিনীর নৃশংসতার শিকার নাগরিকদের আশ্রয় দিয়েছে বাংলাদেশ। তিনি বলেন, মায়ানমার আমাদের কাছে প্রতিবেশী। আমরা চাই তারা তাদের নাগরিকদের ফিরিয়ে নেবে। মার্কিন সিনেটররা বলেন, প্রত্যেক দেশের এই অপরাধ ও জাতিগত নিধনের নিন্দা জানানো উচিত। এই সংকটের সমাধান ও উদ্বাস্তুদের তাদের নিজ দেশে ফেরাতে আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও সোচ্চার হতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে বাংলাদেশের সঙ্গে সংহতি প্রকাশ করলেন প্রিন্সেস সোফি**

যুক্তরাজ্যের প্রিন্সেস সোফি হেলেন রোহিঙ্গাদের ওপর নির্যাতন বন্ধে সংকট নিরসনে মিয়ানমারের ওপর জোরালো আন্তর্জাতিক চাপ প্রয়োগে ঢাকার আহ্বানে সহমত পোষণ করে বাংলাদেশের সঙ্গে সংহতি প্রকাশ করেছেন। গতকাল (১৯ নভেম্বর রোববার) প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে এক সৌজন্য সাক্ষাৎকালে কাউন্টিস অব ওয়েসেক্স প্রিন্সেস সোফি হেলেন এই সংহতি প্রকাশ করেন। প্রধানমন্ত্রী বলেন, উদ্বাস্তুদের কষ্ট নিরসনে প্রশাসন, পুলিশ ও স্বেচ্ছাসেবীরা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এ সময় প্রধানমন্ত্রী উদ্বাস্তুদের জন্য ত্রাণসামগ্রী পাঠানোয় ব্রিটিশ সরকারকে ধন্যবাদ জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭)।

**৫। রোহিঙ্গা সমস্যা আন্তর্জাতিক ফোরামে তুলে ধরার আশ্বাস জাপান জার্মানি সুইডেন পররাষ্ট্রবিষয়কমন্ত্রীদের**

রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমারের ওপর চাপ তৈরিসহ বিষয়টি আন্তর্জাতিক সম্প্রদায়ের সামনে তুলে ধরার মাধ্যমে বাংলাদেশকে সার্বিক সহযোগিতার আশ্বাস দিয়েছে জাপান, জার্মানি, সুইডেন, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং ইউরোপিয়ান ইউনিয়ন। জাপান, জার্মানি ও সুইডেনের পররাষ্ট্রমন্ত্রীগণ এবং ইউরোপিয়ান ইউনিয়নের পররাষ্ট্রবিষয়ক ভাইস প্রেসিডেন্ট গতকাল (১৯ নভেম্বর রোববার) আর মার্কিন সিনেট ও কংগ্রেসের একটি বিশেষ প্রতিনিধিদল গত শনিবার কক্সবাজারের উখিয়ায় দুটি রোহিঙ্গা শিবির সরেজমিন পরিদর্শনের পর তারা এ আশ্বাস দিয়েছেন। এ ছাড়া মিয়ানমারের রাজধানী নেপিডোতে আজ ২০ নভেম্বর থেকে শুরু হওয়া দুই দিনব্যাপী এশিয়া-ইউরোপ মিটিং বা আসেমে রোহিঙ্গা ইস্যুটি উত্থাপনের কথা বলেছেন আসেমের সদস্য দেশ জাপান, জার্মানি ও সুইডেনের পররাষ্ট্রমন্ত্রীরা। নির্যাতনের মুখে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের দুর্ভোগের পরিস্থিতি সরেজমিন পরিদর্শন করে তারা ভুক্তভোগী রোহিঙ্গাদের প্রতি সমবেদনা এবং রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে মানবিকতার পরিচয় দেয়ার জন্য বাংলাদেশকে ধন্যবাদ জানান তারা। সূত্র- **ভোরের কাগজ, সংবাদ, সমকাল, ইত্তেফাক, ডেইলি স্টার, নিউ নেশন, ডেইলি সান** এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৬। ব্রাজিলে শুল্কমুক্ত বাজার সুবিধা চায় বাংলাদেশ : বৈঠককালে বাণিজ্যমন্ত্রী**

ব্রাজিলে শুল্কমুক্ত বাজার প্রবেশ (ডিউটি ফ্রি কোটা ফ্রি মার্কেট এক্সেস) সুবিধা চায় বাংলাদেশ। গতকাল (১৯ নভেম্বর রোববার) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত জুয়াও তাবাজারা ডি অলিভিরা জুনিয়রের সঙ্গে বৈঠকে এ প্রস্তাব দেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। বৈঠক শেষে মন্ত্রী এ তথ্য জানান। তিনি বলেন, ব্রাজিলকে ফ্রি ট্রেড এগ্রিমেন্টের প্রস্তাবও দেওয়া হয়েছে। এ চুক্তি হলে উভয় দেশ শুল্ক ও কোটামুক্ত পণ্য রপ্তানি করতে পারবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **সংবাদ** (পৃ.১৪,ক.২), **অবজারভার বিজনেস** (পৃ.১,ক.৫)।

**৭। দুর্যোগে টিকে থাকে এমন ধান উৎপাদনে জোর দিন : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, বোরো মৌসুমে এক কোটি ৯৪ লাখ টন চাল উৎপাদনের লক্ষ্যমাত্রা গ্রহণ করেছে কৃষি মন্ত্রণালয়। এই উৎপাদন নিশ্চিত করতে প্রাকৃতিক দুর্যোগ, বন্যা, রোগ-বালাই ও পোকামাকড়ের আক্রমণের বিরুদ্ধে লড়াই করে টিকে থাকার মতো স্বল্পসময়ে পেকে যায় এমন ধানের জাত কৃষকের হাতে তুলে দিতে হবে। গতকাল (১৯ নভেম্বর রোববার) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) অডিটোরিয়ামে 'নির্বিঘ্নে বোরো আবাদ : সতর্কতা ও করণীয়' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, আমাদের বিজ্ঞানীদের এমন জাত উদ্ভাবন করতে হবে, যা ব্রি-২৮ এর মতো জীবনকাল, কিন্তু ফলন দেবে ব্রি-২৯ এর মতো। তাহলে কৃষকরা বোরো উৎপাদনে উৎসাহিত হবেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৮। সীমান্ত পয়েন্টে ভারতের ভিসা হোল্ডারদের জটিলতা নিরসনের আহ্বান বিমানমন্ত্রীর**

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন এমপির সঙ্গে গতকাল (১৯ নভেম্বর রোববার) সচিবালয়ে সাক্ষাৎ করেন ভারতের হাইকমিশনার হর্ষবর্ধণ শ্রিংলা। এ সময় দ্বিপক্ষীয় নানা বিষয় নিয়ে আলাপ করেন তিনি। মন্ত্রী বিভিন্ন সীমান্ত পয়েন্ট বিশেষ করে পেট্রাপোল সীমান্তে সিএন্ডএফ এজেন্ট ও মাল্টিপল ভিসা হোল্ডারদের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা দ্রুত সময়ে নিরসনে ভারতীয় হাইকমিশনারের প্রতি আহ্বান জানান। এ ছাড়াও বৈঠকে ঢাকা-গৌহাটি-বাগডোগরা রুটে দ্রুত বিমান যোগাযোগ শুরুর ওপর গুরুত্বারোপ করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭)।

**৯। অক্টোবর পর্যন্ত বিদেশ গেছেন ৮ লাখ কর্মী : সংসদে প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, চলতি বছরের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত বিশ্বের ১৬৫ দেশে ৮ লাখ ৩৪ হাজার ৭৭৩ জন কর্মী পাঠানো হয়েছে। গতকাল (১৯ নভেম্বর রোববার ) সংসদে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান মন্ত্রী । এসময় মন্ত্রী সংসদে অনুপস্থিত থাকায় তার পক্ষে প্রশ্নের জবাব দেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রীর তথ্য অনুযায়ী ২০১৫ সালে বিদেশগামী কর্মীর সংখ্যা ছিল ৫ লাখ ৫৫ হাজার ৮৮১ জন। ২০১৬ সালে তা বেড়ে ৭ লাখ ৫৭ হাজার ৭৩১ জনে উন্নীত হয়। মন্ত্রী জানান, সরকারের গৃহীত নানামুখী কূটনৈতিক তৎপরতার ফলে

মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে বিদেশগামী কর্মীর সংখ্যা উত্তরোত্তর বাড়ছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৩), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৩), **নিউ এজ** (পৃ.২,ক.২)।



**১০। টেকসই অবকাঠামো উন্নয়ন এবং নবায়নযোগ্য জ্বালানিতে এডিবির সঙ্গে ২১শ' কোটি টাকার ঋণচুক্তি**

দেশের অবকাঠামো উন্নয়নে প্রায় দুই হাজার একশ কোটি টাকা দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। টেকসই অবকাঠামো উন্নয়ন বিশেষ করে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি খাতে এ অর্থ ব্যয় হবে। গতকাল (১৯ নভেম্বর রোববার) রাজধানীর শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মেলনকক্ষে এডিবি ও বাংলাদেশ সরকারের মধ্যে এ ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। এছাড়া একটি প্রকল্প চুক্তিও স্বাক্ষরিত হয় অনুষ্ঠানে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

**১১। ঈদে মিলাদুন্নবী (সা.) ২ ডিসেম্বর**

বাংলাদেশের আকাশে গতকাল (১৯ নভেম্বর রোববার) রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি। এ জন্য ২১ নভেম্বর মঙ্গলবার থেকে রবিউল আউয়াল মাস গণনা শুরু হবে। আগামী ২ ডিসেম্বর (১২ রবিউল আউয়াল) শনিবার পালিত হবে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)। বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে গতকাল রোববার সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ইউরোপীয় ক্রেতাদের জোট অ্যাকর্ড প্রায় সোয়া চার বৎসরের কার্যক্রম শেষে একটি অগ্রগতি প্রতিবেদনে বাংলাদেশে প্রায় দেড় হাজার কারখানার মধ্যে ৯৪৬টি কারখানায় আগুন শনাক্তের ব্যবস্থা না থাকার তথ্য প্রকাশিত হওয়ার বিষয় তুলে ধরে সংশ্লিষ্টদের এ ব্যাপারে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** বাংলাদেশ শিশু অধিকার ফোরামের তথ্য অনুযায়ী গত বছরের তুলনায় চলতি বছর শিক্ষাপ্রতিষ্ঠানে শারীরিক নির্যাতনে শিক্ষার্থী আহত হওয়ার ঘটনা কমেছে ৫৭ দশমিক ৬২ শতাংশ এ তথ্যে স্বস্তি প্রকাশ করে শিক্ষার্থীদের ওপর শারীরিক নির্যাতন সম্পূর্ণ বন্ধ করার আহ্বান।

গ. **প্রথম আলো :** দেশ থেকে বন্যপ্রাণী পাচাররোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **ইনকিলাব :** রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে আলোচনায় চীন সহযোগিতা করতে রাজি আছে বলে জানিয়েছেন চীনা পররাষ্ট্রমন্ত্রী উল্লেখ করে এই দ্বিপাক্ষিক উদ্যোগের পাশাপাশি বাংলাদেশকে আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখতে কূটনৈতিক তৎপরতা আরও জোরদার করার সুপারিশ।

ঙ. **সমকাল :** অভিবাসী নারী শ্রমিকদের নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** পার্বত্য চট্টগ্রামে ম্যালেরিয়া প্রতিরোধে আক্রান্তদের দ্রুত পরীক্ষা-নিরীক্ষা করে চিকিৎসার ব্যবস্থা করাসহ এ রোগের ব্যাপারে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** জনপ্রশাসন মন্ত্রণালয় কোচিং বাণিজ্য বন্ধে বিভাগীয় কমিশনারদের যে নির্দেশনা দিয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা।

জ। **নিউজ টুডে :** প্রলম্বিত বন্যায় ক্ষতিগ্রস্ত অতিদরিদ্র জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান।

ঝ. **নিউ নেশন, নিউ এজ :** প্রবাসীকর্মীদের আর্থিক সহায়তায় ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড থেকে ২৩৫ কোটি টাকা প্রবাসী কল্যাণ ব্যাংককে প্রদানের অর্থ প্রবাসীকর্মীদের কল্যাণেই ব্যয় হওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতি কেবল একজন শেখ মুজিবুর রহমানকে নয়, পুরো একটি জাতিকে বৈশ্বিক মর্যাদার আসনে অধিষ্ঠিত করেছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'জলবায়ু ঝুঁকি মোকাবিলায় ঐক্যবদ্ধ হতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বিশ্ব পরিবেশকে রক্ষা করতে হলে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সব দেশকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করে যেতে হবে।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা